


অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার: অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে বিক্রেতা দ্রব্যের দাম নির্ধারন করে। এ বাজারে বিক্রেতা অধিক পণ্য বিক্রয় করতে চাইলে দ্রব্যের দাম হ্রাস করতে হয়।

নিম্নে অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে TR , AR ও MR এর মধ্যে সম্পর্ক তুলে ধরা হল:

বিক্রয়ের পরিমাণ (Q)	দাম (P)	TR	AR	MR
১ একক	৬ টাকা	৬	৬	৬
২ একক	৫ টাকা	১০	৫	৮
৩ একক	৪ টাকা	১২	৪	২
৪ একক	৩ টাকা	১২	৩	০
৫ একক	২ টাকা	১০	২	- ২

সূচিতে দেখা যায়, বাড়ে তবে AR ও MR কমে। কিন্তু AR এর চেয়ে MR অধিক হারে কমে। TR যখন সর্বোচ্চ MR তখন শূন্য। বিক্রয়ের পরিমাণ আরও বাড়ালে MR ঋনাত্মক হয়ে পড়ে, কিন্তু AR ধনাত্মক থাকে। $P = AR$ হয় কিন্তু $P > MR$ হয়।

নিম্নে TR , AR , MR এর মধ্যে সম্পর্ক চিত্রের মাধ্যমে দেখানো হল:



উভয় চিত্রের ভূমি অক্ষে বিক্রয়ের পরিমাণ, লম্ব অক্ষে TR এবং AR , MR ধরা হয়েছে।

'ক' চিত্রে দেখা যায়, বিক্রয়ের পরিমাণ বাড়ার ফলে TR বাড়তে থাকে, তবে c বিন্দু হতে d বিন্দু পর্যন্ত TR স্থির থাকে। d বিন্দুর পরে বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি করলে TR হ্রাস পায়। বিক্রয়ের পরিমাণ TR এবং MR এর সম্পর্কসূচক বিন্দুগুলো (a, b, c, d, e) যোগ করলে TR রেখা পাওয়া যায়।

'খ' চিত্রে দেখা যায়, বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে AR অপেক্ষা MR অধিক হারে হ্রাস পায় বলে AR রেখা MR রেখার উপরে অবস্থান করে। d বিন্দুর পর বিক্রয় বৃদ্ধি করলে AR ধনাত্মক থাকলেও MR ঋনাত্মক হয়ে যায়